# শিক্ষকের নির্দেশিকা

## আয়োডিনের অ আ ক খ সম্পর্কে সচেতনতা

আয়োডিনের অ আ ক খ সচেতনতা হল একটি নমনীয় শিক্ষামূলক কর্মসূচি যা ১৩ থেকে ১৭ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য তৈরি করা হয়েছে। শিক্ষামূলক কর্মসূচিটি জীববিজ্ঞান, খাদ্য বিজ্ঞান এবং পুষ্টিকে স্বাস্থ্যের ধারণার সাথে একত্রিত করেছে। এই কর্মসূচির জন্য, শিক্ষার্থীদের আয়োডিন সম্পর্কিত স্বাস্থ্য নিয়ে দক্ষতা বিকাশে অবদান রাখতে পারে এমন একটি কার্যক্রমের সিরিজ এবং উপাদান তৈরি করা হয়েছে।

এই পাঠ্যক্রমের লক্ষ্য হল স্বাস্থ্যকর আয়োডিন গ্রহণ, আয়োডিনের ঘাটতি এবং এ সম্পর্কিত স্বাস্থ্য ঝুঁকি সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা এবং সচেতনতা বৃদ্ধি করা। পাঠ্যক্রমটি ব্যক্তিগত স্বাস্থ্য, এবং এর বিকাশ সম্পর্কিত শারীরিক ক্রিয়াকলাপ, বিশেষ করে গর্ভাবস্থায়, এবং আয়োডিনের ভাল উৎসগুলির উপর গুরুত্বারোপ করে। তদুপরি, জনস্বাস্থ্যের লক্ষ্যে আয়োডিনের ঐতিহাসিক পটভূমি এবং আয়োডিনের ঘাটতি প্রতিরোধে গৃহীত ব্যবস্থাগুলি ব্যাখ্যা করা হয়েছে।

### শিক্ষামূলক নকশা

শিক্ষাগত নকশাটি তিনটি নমনীয় মডিউল (মডিউল ক, খ এবং গ)  এ বিভক্ত, যেখানে শিক্ষার্থীরা বিভিন্ন বিষয় নিয়ে কাজ করতে পারে, কাজগুলি সম্পূর্ণ করতে পারে, এবং সহযোগিতামূলকভাবে এক বা একাধিক বিষয়ে ছোট প্রকল্প তৈরি করতে পারে। প্রতিটি বিষয়ের জন্য ক্রিয়াকলাপগুলি একে অপরের পরিপূরক এবং কাজগুলির একটি স্বাভাবিক অগ্রগতি প্রদান করার জন্য কাঠামোগত। শিক্ষকদের সর্বোচ্চ নমনীয়তা প্রদান করতে, যাদের পাঠ্যক্রমের প্রয়োজনীয়তা বা সময় মতো পাঠদানের বিভিন্ন সীমাবদ্ধতা থাকতে পারে, বেশিরভাগ উপাদান এবং কার্যকলাপ একে অপরের থেকে স্বাধীন। অতএব, প্রতিটি শ্রেণী কী করতে সক্ষম এবং এর সাথে জড়িত থাকার জন্য সময় আছে কিনা তার উপর ভিত্তি করে মডিউল, কাজ বা কাজের প্রশ্নগুলি এড়িয়ে যাওয়া সম্ভব।

| বাধ্যতামূলক | ঐচ্ছিক | ঐচ্ছিক |
|---|---|---|
| **মডিউল ক**<br><br>বাধ্যতামূলক মডিউল ক -এ লেকচার এবং তা সম্পর্কিত অনুশীলন অন্তর্ভুক্ত। | **মডিউল খ**<br><br>ঐচ্ছিক মডিউল খ উপস্থাপনার জন্য গ্রুপ অ্যাসাইনমেন্ট প্রদান করে। | **মডিউল গ**<br><br>ঐচ্ছিক মডিউল গ -এ আয়োডিনের উপর একটি পোস্টার তৈরি করার জন্য গ্রুপ কাজ জড়িত |

**মডিউল ক** বাধ্যতামূলক। এটি একটি লেকচার (৩৫ মিনিট) আকারে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন বা পোস্টার ব্যবহার করে, শেখানো বিষয়গুলির সাথে সম্পর্কিত কাজগুলি এবং অনুশীলনগুলি ব্যবহার করে প্রথাগত ক্লাস/শ্রেণীকক্ষের নির্দেশাবলী নিয়ে গঠিত। অনুশীলনগুলি পৃথক সক্রিয় শিক্ষা হিসাবে পরিকল্পনা করা হয় (হোমওয়ার্ক হিসাবে বা ক্লাসে করা হয়)। পুস্তিকাটির মডিউল **ক**-তে অনেকগুলি অতিরিক্ত কাজও রয়েছে যা সময়ের সীমাবদ্ধতার উপর নির্ভর করে কিছু ছাত্র-ছাত্রী বা পুরো ক্লাসের জন্য বরাদ্দ করা যেতে পারে।

**মডিউল খ** ঐচ্ছিক এবং এতে পাঁচটি সক্রিয় সমবায়মূলক শিক্ষার কার্যভার রয়েছে যা ছাত্ররা দলে দলে কাজ করতে পারে এবং পরবর্তীতে ক্লাসে তাদের সহকর্মী শিক্ষার্থীদের কাছে উপস্থাপন করতে পারে। এই পদ্ধতিতে, শিক্ষার্থীদের বিভিন্ন অ্যাসাইনমেন্টের উপর কাজ করা সম্ভব হবে, যদিও প্রতিটি গ্রুপ অর্জিত ফলাফল এবং উপসংহার উপস্থাপন করতে সক্ষম হবে। মডিউল **খ** অ্যাসাইনমেন্ট ছাত্রদের কর্মঠ হতে এবং বিষয়বস্তু সম্পর্কে গভীর উপলব্ধির জন্য একসাথে কাজ করতে উৎসাহিত করে ।

**মডিউল গ** ঐচ্ছিক এবং এটি একটি অনুসন্ধান-ভিত্তিক শিখন পদ্ধতি দ্বারা গঠিত। ছাত্ররা দলবদ্ধ হয়ে আয়োডিনের গুরুত্বের উপর একটি কল্পিত জাতীয় জনস্বাস্থ্য বিষয়ক প্রচারের জন্য একটি পোস্টার ডিজাইন করবে। একটি অঞ্চলের স্কুলগুলি স্থানীয়ভাবে বা আঞ্চলিকভাবে প্রতিযোগিতা করতে পারে, অথবা স্কুল প্রশাসকরা পোস্টার বিজয়ী নির্বাচন করতে পারে। মডিউল **গ** সৃজনশীল চিন্তাভাবনাকে উন্নীত করে এবং শিক্ষার্থীর যোগাযোগ দক্ষতার বিকাশ ঘটায়।

## উদ্দেশ্যমূলক শিক্ষার ফলাফল

পাঠের অনুক্রমের পরে, শিক্ষার্থীরা নিম্নোক্ত বিষয়াবলীতে পারদর্শীতা অর্জন করতে সক্ষম হবে:

- আয়োডিনের শারীরিক ক্রিয়াকলাপের মৌলিক নীতিগুলি বর্ণন
- স্বাস্থ্য এবং বৃদ্ধির জন্য আয়োডিনের তাৎপর্য বর্ণন
- গর্ভাবস্থায় পর্যাপ্ত মাত্রার আয়োডিনের গুরুত্ব ব্যাখ্যাকরণ
- বিভিন্ন বয়সের জন্য আয়োডিন গ্রহণের বিষয়ে WHO সুপারিশ তালিকাভুক্তকরণ
- আয়োডিনের ঘাটতির স্বাস্থ্যের পরিণতি ব্যাখ্যাকরণ
- খাদ্যে আয়োডিনের ভালো উৎস চিহ্নিতকরণ
- স্বাস্থ্যকর খাদ্য নির্বাচনে আয়োডিনের জ্ঞান প্রয়োগ

## শিক্ষাদানের সম্পদ এবং উপকরণ

শেখার এবং জ্ঞান অর্জনের সুবিধার্থে, নিম্নলিখিত শিক্ষার সংস্থান এবং উপকরণ সহজলভ্য:

- একটি পুস্তিকা যা উপস্থাপন করে মডিউল **ক**, **খ** এবং **গ**, লেকচার, শব্দকোষ, অনুশীলন, অ্যাসাইনমেন্ট এবং অতিরিক্ত কাজগুলিতে শেখানো সমস্ত বিষয়বস্তু
- একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন (লেকচার) যা মডিউল **ক**-এ অন্তর্ভুক্ত বিষয় এবং অনুশীলনের উপর ভিত্তি করে প্রস্তুত করা
- শ্রেণীকক্ষে ঝুলিয়ে রাখার জন্য প্রধান বার্তা এবং মূল তথ্য সহ চারটি শিক্ষামূলক পোস্টার
- আয়োডিন ফিডব্যাক টুল যা ব্যক্তিগত আয়োডিন গ্রহণের উপর সরাসরি প্রতিক্রিয়া দেয়
- আয়োডিন কখগ প্ল্যাটফর্মে শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য অনলাইন সম্পদ

(https://www.euthyroid2.eu/abc-of-iodine/abc/bn/)

## মডিউল ক, খ এবং গ এর জন্য বুকলেট

পুস্তিকাটি হল শ্রেণীকক্ষের মূল উপকরণ। এটি শিক্ষাদানকে সমর্থন করে এবং শিক্ষার্থীদের জন্য একটি সহজে অ্যাক্সেসযোগ্য জায়গায় মডিউল ক-এর জন্য সমস্ত শিখার সরঞ্জামকে জড়ো করে। পুস্তিকাটিতে তিনটি মডিউলের একটি ওভারভিউ এবং লেকচারের বিষয়বস্তু উভয়ই অন্তর্ভুক্ত রয়েছে। মডিউল ক-তে সমস্ত

অনুশীলনে লাইন এবং ফাঁকা জায়গা সহ উপস্থাপন করা হয় যাতে ছাত্ররা তাদের উত্তর দিতে পারে এবং সঠিক বিকল্প নির্বাচন করতে পারে। উপরন্তু, মডিউল খ এবং গ-এর জন্য অ্যাসাইনমেন্ট এবং মডিউল ক-এর জন্য অতিরিক্ত কাজগুলি এখানে সংকলিত হয়েছে, যা ছাত্রদেরকে একটি রেফারেন্স বই এবং একটি ওয়ার্কবুক উভয় হিসাবে ব্যবহার করার অনুমতি দেয়।

## মডিউল ক- এর জন্য লেকচার (পাওয়ার পয়েন্ট উপস্থাপনা বা পোস্টার)

লেকচারটি উদ্দেশ্যমূলক শিক্ষার ফলাফলগুলি পূরণ করার জন্য প্রয়োজনীয় সমস্ত বিষয়কে অন্তর্ভুক্ত করে। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে স্লাইডগুলি প্রতিটি বিষয়কে পৃথকভাবে সম্বোধন করে, সহায়ক তথ্য, ব্যাখ্যা এবং বিশদ বিবরণ সহ শিক্ষকের যদি ইচ্ছা হয়, রেফারেন্স এবং ব্যবহারের জন্য নোট অন্তর্ভুক্ত করতে পারেন। মডিউল ক-তে অনুশীলনের সমস্ত উত্তরও স্লাইডগুলিতে বা নোটগুলিতে (এবং আয়োডিনের কখগ প্ল্যাটফর্মে) অন্তর্ভুক্ত রয়েছে। লেকচার পোস্টার দ্বারা সমর্থিত হলে, চারটি শিক্ষামূলক পোস্টার প্রধান বিষয় এবং মূল তথ্য উপস্থাপন করে যা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে এবং পুস্তিকাটিতে অন্তর্ভুক্ত বিষয়গুলিকে সম্বোধন করে।

## আয়োডিন ফিডব্যাক টুল মডিউল ক এবং মডিউল খ (আয়োডিন শনাক্তকরণ)- এর জন্য

আয়োডিন ফিডব্যাক টুল হল একটি অনুপ্রেরণামূলক ক্রিয়াকলাপ যাতে ছাত্রদের এই বিষয়ে নিযুক্ত করা যায়। লেখচারের শুরুতে, শিক্ষার্থীরা এই সংক্ষিপ্ত ওয়েব-ভিত্তিক বা কাগজ-ভিত্তিক প্রশ্নপত্রটি পূরণ করবে যা চারটি প্রশ্নের সমন্বয়ে তৈরি। টুলটি শিক্ষার্থীদের আয়োডিন সমৃদ্ধ খাবারের গড় গ্রহণ সম্পর্কে জিজ্ঞাসা করে। তাদের উত্তরের উপর ভিত্তি করে পয়েন্ট দেওয়া হবে এবং তারা ব্যক্তিগত প্রতিক্রিয়া পাবেন:

১) আপনার উত্তরগুলির উপর ভিত্তি করে, আয়োডিনের আরও স্বাস্থ্যকর উৎস পছন্দ করার ক্ষেত্রে এটি একটি ভাল ধারণা হবে। এমনকি ছোট পরিবর্তনও আপনার আয়োডিন গ্রহণের উপর একটি বড় প্রভাব ফেলতে পারে; বা

২) আপনার উত্তরের উপর ভিত্তি করে, আপনার আয়োডিন গ্রহণের স্বাস্থ্যকর অভ্যাস আছে। বৈচিত্র্যময় খাবার খাওয়া ভালো।

## পাঠের গঠন এবং সময়কাল

### মডিউল ক

তিনটি মডিউল এর নমনীয় নকশা শিক্ষকদের পাঠদানের কাঠামোর জন্য বিভিন্ন বিকল্প প্রদান করে। মনে রাখবেন, মডিউল ক বাধ্যতামূলক। শিক্ষার্থীদের অন্তত লেকচারের মাধ্যমে পড়াতে হবে। সেই সাথে মূল্যায়নের পাঠ (পৃষ্ঠা ১৫), ধাঁধা (পৃষ্ঠা ১৬), ভুল শনাক্তকরণ (পৃষ্ঠা ১৭) এবং মডিউল ক-এর জন্য অনুশীলন (পৃষ্ঠা ১৮ এবং ১৯) ইত্যাদি বিষয় এড়ানো যাবে না।

এখানে মডিউল ক এর একটি ওভারভিউ রয়েছে:

| | | |
|---|---|---|
| **অনুপ্রেরণামূলক কার্যকলাপ**<br>আয়োডিন ফিডব্যাক টুল<br><br>১০ মিনিট | **লেকচার পর্ব ১**<br>আয়োডিন মূল্যায়ন টাস্ক সম্পর্কিত<br><br>৩৫ মিনিট | **লেকচার পর্ব ২**<br>পূর্ণাঙ্গ আলোচনা:<br>শব্দের ধাঁধা<br>ভুল শনাক্তকরণ<br>অনুশীলন |
| **মডিউল ক** | | |

শব্দের ধাঁধা, ভুল শনাক্তকরণ এবং লেকচার পর্ব ২-এর অনুশীলনগুলিও হোমওয়ার্ক হিসাবে দেওয়া যেতে পারে। যাইহোক, উত্তরগুলি ক্লাসে আলোচনা করা উচিত (নিম্নলিখিত পাঠের কাঠামো দেখুন):

| | | | |
|---|---|---|---|
| **অনুপ্রেরণামূলক কার্যকলাপ**<br>আয়োডিন ফিডব্যাক টুল<br><br>১০ মিনিট | **লেকচার পর্ব ১**<br>আয়োডিন মূল্যায়ন টাস্ক সম্পর্কিত<br><br>৩৫ মিনিট | **হোমওয়ার্ক**<br>শব্দের ধাঁধা<br>ভুল শনাক্তকরণ<br>অনুশীলন | **লেকচার পর্ব ২**<br>পূর্ণাঙ্গ আলোচনা:<br>হোমওয়ার্ক<br>শব্দের ধাঁধা<br>ভুল শনাক্তকরণ<br>অনুশীলন |
| **মডিউল ক** | | | |

পুস্তিকাটির মডিউল ক-তে অনেকগুলি অতিরিক্ত কাজও রয়েছে যা সময়ের সীমাবদ্ধতার উপর নির্ভর করে কিছু শিক্ষার্থীদের জন্য বা পুরো ক্লাসের জন্য বরাদ্দ করা যেতে পারে।

### মডিউল খ

মডিউল খ হচ্ছে ঐচ্ছিক এবং পুস্তিকাটি পাঁচটি সক্রিয় কো-অপারেটিভ লার্নিং অ্যাসাইনমেন্ট নিয়ে গঠিত (অতিরিক্ত অনলাইন উপাদান, এখানে দেখুন: https://www.euthyroid2.eu/abc-of-iodine/abc/teachers/planning/moduleb/bn/)। অ্যাসাইনমেন্টগুলির মধ্যে ভিন্নতা রয়েছে এবং যে কোনও পছন্দসইভাবে প্রয়োগ করা যেতে পারে। অ্যাসাইনমেন্টগুলি শিক্ষার্থীদের একে অপরের সাথে একত্রে কাজ করার সুযোগ দেয় যা কিনা শিক্ষার্থীদের সক্রিয় ভূমিকা নিতে এবং বিষয়কে গভীরভাবে বোঝার ক্ষমতা বিকাশ করতে উৎসাহিত করে।

| অনুপ্রেরণামূলক কার্যকলাপ<br>আয়োডিন ফিডব্যাক টুল<br>১০ মিনিট | লেকচার পর্ব ১<br>আয়োডিন মূল্যায়ন টাস্ক সম্পর্কিত<br>৩৫ মিনিট | লেকচার পর্ব ২<br>পূর্ণাঙ্গ আলোচনা: শব্দের ধাঁধা ভুল শনাক্তকরণ অনুশীলন | দলবদ্ধ কাজ/ গ্রুপ ওয়ার্ক<br>অ্যাসাইনমেন্ট<br>৪৫ মিনিট | দলবদ্ধ কাজ/ গ্রুপ ওয়ার্ক<br>অ্যাসাইনমেন্ট<br>৪৫ মিনিট | গ্রুপ উপস্থাপনা<br>অ্যাসাইনমেন্ট<br>৪৫ মিনিট |
|---|---|---|---|---|---|
| মডিউল ক | | | মডিউল খ | | |

মডিউল খ-এর একটি অ্যাসাইনমেন্ট হল একটি ছোট গবেষণা ডিজাইন করা:
আয়োডিন সচেতনতা অনুসন্ধান: একটি সম্প্রদায়ের জন্য প্রশ্নপত্র তৈরি করা। আপনি যদি শিক্ষার্থীদের একটি সমস্যা-ভিত্তিক প্রকল্প প্রণয়ন এবং পরিচালনার প্রশিক্ষণ দিতে চান, তাহলে এই অ্যাসাইনমেন্টটি আপনার পাঠ কাঠামোতে অন্তর্ভুক্ত হওয়া উচিত (আরো এখানে দেখুন: https://www.euthyroid2.eu/abc-of-iodine/abc/teachers/planning/moduleb/bn/)

অ্যাসাইনমেন্ট, আয়োডিন অনুসন্ধান: সার্বজনীন সুরক্ষিতকরণ প্রোগ্রামের বর্ণনা শুধুমাত্র শিক্ষার্থীদের ইন্টারনেট অ্যাক্সেস থাকলেই করা যেতে পারে।

আরেকটি অ্যাসাইনমেন্ট হল একটি সাধারণ ব্যবহারিক পরীক্ষা যা একটি পরীক্ষার কিট ব্যবহার করে দেখাতে পারে যে শিক্ষার্থীরা ক্লাসে যে লবণ নিয়ে এসেছে তাতে আয়োডিন আছে কিনা। কিটগুলি ব্যবহারকারী-বান্ধব এবং নিরাপদ: কেবলমাত্র অল্প পরিমাণে লবণ ছড়িয়ে দিন, পরীক্ষামূলক দ্রবণ যোগ করুন এবং আয়োডিনের পরিমাণ নির্ধারণ করতে ফলাফলের রঙের সাথে মিলান। (আরো জানতে আয়োডিন কখগ প্ল্যাটফর্মের টিউটোরিয়াল ভিডিও দেখুন: https://www.euthyroid2.eu/abc-of-iodine/abc/teachers/planning/moduleb/bn/)

দলবদ্ধ কাজের প্রস্তুতির ব্যাপারে সিদ্ধান্ত নিন:

- পাঁচটি অ্যাসাইনমেন্টের মধ্যে কোনটি শিক্ষার্থীরা বেছে নিতে পারে, অথবা আপনি অ্যাসাইনমেন্ট ভাগ করে দিবেন।
- গ্রুপের আকার নির্ভর করবে শিক্ষার্থীর সংখ্যা এবং নির্বাচিত অ্যাসাইনমেন্টের উপর
- আপনি কীভাবে ছাত্রদের দলে ভাগ করবেন তা ঠিক করুন।

গ্রুপের কাজ শুরু করার সময় নিশ্চিত করুন:
- অ্যাসাইনমেন্টের জন্য স্পষ্ট নির্দেশনা এবং তাদের গ্রুপ কাজের প্রত্যাশিত ফলাফলের বিশদ বিবরণ প্রদান করুন
- শিক্ষার্থীদের ব্যাখ্যা করুন কোন মানদণ্ডে তাদের ক্লাসের উপস্থাপনাগুলি মূল্যায়ন করা হবে (নীচে 'অনুশীলনের উত্তর এবং মূল্যায়নের মানদণ্ড' বিভাগের অধীনে মূল্যায়নের মানদণ্ডের জন্য পরামর্শগুলি দেখুন)

## মডিউল গ

মডিউল গ হচ্ছে ঐচ্ছিক এবং পুস্তিকাটি একটি উপস্থাপিত অনুসন্ধান-ভিত্তিক শিক্ষামূলক কাজ নিয়ে গঠিত (অতিরিক্ত অনলাইন উপাদানসহ, এখানে আরও দেখুন: https://www.euthyroid2.eu/abc-of-iodine/abc/teachers/planning/modulec/bn/)। ছাত্রদের দলবদ্ধভাবে কাজ করতে বলা হয়, এবং আয়োডিন সচেতনতার জন্য একটি কল্পিত জাতীয় প্রচারণার জন্য একটি প্রচারাভিযানের পোস্টার তৈরি করতে বলা হয়। পোস্টারটি অন্যদেরকে আয়োডিন কী এবং কেন এটি স্বাস্থ্যের জন্য গুরুত্বপূর্ণ সে সম্পর্কে ধারণা দিতে সক্ষম হতে হবে। কাজটি শিক্ষার্থীদের একটি বাস্তব-বিশ্বের দৃশ্যে জড়িত করে; শিক্ষাগত পদ্ধতি সমস্যা সমাধান এবং পরীক্ষামূলক শিক্ষার ব্যাপারে উৎসাহিত করে। শিক্ষার্থীদের জন্য ধাপে ধাপে একটি নির্দেশিকা প্রদান করা হয় – এবং অন্যান্য প্রচারণার উদাহরণ, টিপস এবং কৌশল শিক্ষার্থীদের জন্য আয়োডিন কখগ প্ল্যাটফর্মে রয়েছে।

আবারও, মডিউল গ মডিউল ক এবং মডিউল খ-এর কিছু অংশের সাথে বিভিন্ন উপায়ে একত্রিত হতে পারে। শুধু মনে রাখবেন যে, মডিউল ক-তে লেকচার এবং অনুশীলন বাধ্যতামূলক। আপনার যদি সময় কম থাকে, কিন্তু শিক্ষার্থীদের দ্বারা একটি পোস্টার তৈরি করাতে চান তাহলে এই পাঠের কাঠামোটি একটি সাহায্য করতে পারে:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **অনুপ্রেরণামূলক কার্যকলাপ**<br>আয়োডিন ফিডব্যাক টুল<br>১০ মিনিট | **লেকচার পর্ব ১**<br>আয়োডিন মূল্যায়ন টাস্ক সম্পর্কিত<br>৩৫ মিনিট | **লেকচার পর্ব ২**<br>পূর্ণাঙ্গ আলোচনা: শব্দের ধাঁধা ভুল শনাক্তকরণ অনুশীলন | **দলবদ্ধ কাজ/ গ্রুপ ওয়ার্ক**<br>প্রচারণা<br>৪৫ মিনিট | **দলবদ্ধ কাজ/ গ্রুপ ওয়ার্ক**<br>প্রচারণা<br>৪৫ মিনিট | **গ্রুপ উপস্থাপনা**<br>প্রচারণা<br>৪৫ মিনিট |
| **মডিউল ক** | | | **মডিউল গ** | | |

যদি আপনার কাছে আরও পাঠ থাকে, আপনি এই পাঠ কাঠামোটি ব্যবহার করতে পারেন বা এমনকি একটি দীর্ঘ শিক্ষাক্রম তৈরি করতে পারেন:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **অনুপ্রেরণামূলক কার্যকলাপ**<br>আয়োডিন ফিডব্যাক টুল<br>১০ মিনিট | **লেকচার পর্ব ১**<br>আয়োডিন মূল্যায়ন টাস্ক সম্পর্কিত<br>৩৫ মিনিট | **লেকচার পর্ব ২**<br>পূর্ণাঙ্গ আলোচনা: শব্দের ধাঁধা ভুল শনাক্তকরণ অনুশীলন | **দলবদ্ধ কাজ/ গ্রুপ ওয়ার্ক**<br>অ্যাসাইনমেন্ট প্রচারণা<br>৪৫ মিনিট | **দলবদ্ধ কাজ/ গ্রুপ ওয়ার্ক**<br>অ্যাসাইনমেন্ট প্রচারণা<br>৪৫ মিনিট | **গ্রুপ উপস্থাপনা**<br>অ্যাসাইনমেন্ট প্রচারণা<br>৪৫ মিনিট |
| **মডিউল ক** | | | **মডিউল খ এবং গ** | | |

সিদ্ধান্ত নিয়ে গ্রুপ কাজের জন্য প্রস্তুতি নিন:

- গ্রুপের আকার, এটি শিক্ষার্থীর সংখ্যার উপর নির্ভর করবে

- কিভাবে আপনি ছাত্রদের গ্রুপে ভাগ করবেন

গ্রুপের কাজ শুরু করার সময় নিশ্চিত করুন:

- অ্যাসাইনমেন্টের জন্য স্পষ্ট নির্দেশাবলী এবং তাদের গ্রুপ কাজের প্রত্যাশিত ফলাফলের বিশদ বিবরণ প্রদান করুন
- শিক্ষার্থীদের ব্যাখ্যা করুন কোন মানদণ্ডে তাদের ক্লাসের উপস্থাপনাগুলি মূল্যায়ন করা হবে (নীচে 'অনুশীলনের উত্তর এবং মূল্যায়নের মানদণ্ড' বিভাগের অধীনে মূল্যায়নের মানদণ্ডের জন্য পরামর্শগুলি দেখুন)

## অনুশীলন এবং মূল্যায়নের মানদণ্ডের উত্তর

আপনি মডিউল ক-এ অনুশীলনের সমস্ত উত্তর পাবেন, এবং আয়োডিনের কখগ প্ল্যাটফর্মে শিক্ষার উপাদান এবং উপকরণগুলির বিভাগে ভুল শনাক্তকরণের কাজ খুঁজে পাবেন।
(https://www.euthyroid2.eu/abc-of-iodine/abc/teachers/resources/answers/bn/)

মডিউল খ এবং গ গ্রুপের উপস্থাপনা নিম্নলিখিত মানদণ্ড দ্বারা মূল্যায়ন করা যেতে পারে:

- শিক্ষার্থীদের গবেষণার প্রশ্ন প্রণয়নের ক্ষমতা
- তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা
- ছাত্ররা দলে কতটা কার্যকরীভাবে কাজ করেছে
- ছাত্রদের নিজস্ব ধারণা ভাগ করে নেওয়ার ক্ষমতা, এবং তাদের ফলাফল উপস্থাপন করা
- ছাত্রদের মৌলিকতা এবং সৃজনশীলতা

আশা করি, আপনি এবং শিক্ষার্থীরা পাঠগুলি উপভোগ করেছেন এবং শারীরিক স্বাস্থ্যের জন্য আয়োডিনের গুরুত্ব সম্পর্কে দরকারী জ্ঞান অর্জন করেছেন।